

জাতীয় মৎস্য পুরস্কার, ২০১৫ চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

জাতীয় মৎস্য সপ্তাহ, ২০১৫ উপলক্ষে জাতীয় মৎস্য পুরস্কার চূড়ান্তকরণের জন্য ১২/০৭/২০১৫ খ্রি. তারিখ বেলা ১.০০ টায় জাতীয় কমিটির এক সভা মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোহাম্মদ ছায়েদুল হক এমপি।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হলো।

২. সভাপতি সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব শেলীনা আফরোজা, পিএইচডি জাতীয় মৎস্য সপ্তাহের প্রেক্ষাপট ও জাতীয় গুরুত্ব সম্পর্কে সভাকে অবহিত করেন। অতঃপর তিনি মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক সৈয়দ আরিফ আজাদকে জাতীয় মৎস্য পুরস্কার প্রদানের কার্যপত্র উপস্থাপনের অনুরোধ জানান। মহাপরিচালক বর্তমান নীতি ও পুরস্কার প্রদান পদ্ধতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, এ বছর জাতীয় মৎস্য পুরস্কারের জন্য মনোনয়ন আহ্বান করে ৫ টি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এছাড়াও বিভাগীয়ভাবে পত্রযোগাযোগ, ওয়েবসাইটে প্রকাশ, বিশ্ববিদ্যালয়সমূহে পত্র প্রেরণ এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে পত্রযোগাযোগ করা হয়। এ প্রক্রিয়ায় মোট ২৫৮ টি আবেদন পাওয়া যায়। অতঃপর সংশ্লিষ্ট কারিগরি ও বাছাই কমিটির ১ম সভায় জাতীয় মৎস্য পুরস্কার প্রদানের বিদ্যমান নীতি ও পদ্ধতি ২০১০ (সংশোধিত ২০১৩) মোতাবেক নির্ধারিত মানদণ্ড অনুসরণে প্রাথমিক যাচাই বাছাই পূর্বক মোট ২০৭ টি আবেদনপত্রের একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করা হয়। পরবর্তীতে সরেজমিন পরিদর্শনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর উক্ত তালিকা যাচাই বাছাইকল্পে সদর দপ্তর হতে মোট ১২ টি উপ-কমিটি গঠন করা হয়। উপ-কমিটিসমূহ উক্ত ২০৭ টি আবেদনকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে এবং অনুমোদিত নীতিমালার আলোকে দেশীয় প্রজাতির মাছ উৎপাদন, প্রজনন ও অনগ্রসর এলাকা বিবেচনা ৮ টি ক্ষেত্রে তাদের মূল্যায়ন প্রতিবেদন দাখিল করে। পরিদর্শন উপ-কমিটির প্রতিবেদন পর্যালোচনার জন্য কারিগরি ও বাছাই কমিটির ২য় সভা আহ্বান করা হয়। কমিটির সকল সদস্য কারিগরি দিক এবং পরিদর্শন কমিটির মতামত পর্যালোচনাপূর্বক কয়েকটি ক্ষেত্রে একাধিকবার পরিদর্শন করা হয়। উক্ত ২০৭ টি মনোনয়নের মধ্য হতে অধিকতর যোগ্য ৫১ টি মনোনয়নকে জাতীয় কমিটিতে প্রেরণের সুপারিশ করেন। সভাপতি মহোদয় মহাপরিচালককে উক্ত প্রতিবেদন উপস্থাপনের নির্দেশ প্রদান করেন। মহাপরিচালক মৎস্য অধিদপ্তর পর্যায়ক্রমে কারিগরি ও বাছাই কমিটির সুপারিশ সম্বলিত ৫১ টি প্রস্তাব সভায় উপস্থাপন করেন।

৩. সভায় উপস্থাপিত প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪. সিদ্ধান্ত সমূহঃ

২০১৫ সালের জাতীয় মৎস্য পুরস্কারের জন্য নির্ধারিত ১২ টি ক্যাটাগরি মধ্যে ৮ টিতে নিম্নোক্ত ক্যাটাগরি অনুযায়ী ৩ টি স্বর্ণপদক ও ১৫ টি রৌপ্যপদক প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) স্বর্ণপদক প্রদানের জন্য মনোনীত ব্যক্তি / প্রতিষ্ঠানের নামের তালিকাঃ

নং	পুরস্কারের ক্ষেত্র	নাম ও ঠিকানা
১.	মৎস্য ও মৎস্যজাতপণ্য রপ্তানীকরণ (হিমায়িত চিংড়ি/মৎস্য শুটকী ইত্যাদি)	বাগেরহাট সীফুড ইন্ডাঃ লিঃ, ব্যবস্থাপনা পরিচালক-এস এম আমজাদ হোসেন পিতা-মরহুম এস এম ইসহাক আলী, মাতা-মরহুমা আশিয়া ইসহাক, গ্রাম- টাউন নওয়াপাড়া, পোঃ-নওয়াপাড়া, উপজেলা-ফকিরহাট, জেলা-বাগেরহাট।
২.	মৎস্য সম্পদ উন্নয়নে ব্যক্তি/প্রতিষ্ঠান/সমবায় সমিতি/মৎস্য সংক্রান্ত সমাজভিত্তিক সংগঠনের অবদান/সমগ্র কর্মজীবনের অবদান	মোঃ আশরাফ খাঁ ডুবুরী, পিতা-মৃত আয়েন উদ্দীন খাঁ গ্রাম-সাড়াঘাট, ডাক-পাকশী, উপজেলা-ঈশ্বরদী, জেলা- পাবনা
৩.	বাগদা চিংড়ির গুণগতমানের পিএল উৎপাদন	বলাকা হ্যাচারী প্রাঃ লি, প্রোঃ মোঃ নাজিবুল ইসলাম, গ্রামঃ কণ্ডবাজার, ডাকঘরঃ কণ্ডবাজার উপজেলাঃ সদর, জেলাঃ কণ্ডবাজার

(২) রৌপ্যপদক প্রদানের জন্য মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানের নামের তালিকাঃ

নং	পুরস্কারের ক্ষেত্র	নাম ও ঠিকানা
৪.	মাছের গুণগতমানের রেণু উৎপাদন (কার্প-জাতীয় মাছের রেণু উৎপাদন)	মাতৃ ফিস হ্যাচারী এন্ড ইন্টিগ্রেটেড ফার্ম, প্রোঃ মোঃ জাহিদুর রহমান, পিতাঃ মোঃ রিয়াজ উদ্দিন গোলদার, মাতাঃ মৃত নেবুয়ারা বেগম, গ্রামঃ চাঁচড়া (গোলদার পাড়া), ডাকঘরঃ চাঁচড়া, উপজেলাঃ সদর, জেলাঃ যশোর।
৫.	মাছের গুণগতমানের রেণু উৎপাদন (দেশী শিং মাছের রেণু উৎপাদন)	ভাই ভাই মৎস্য প্রজনন কেন্দ্র, প্রোঃ জনাব মোঃ সিদ্দিকুর রহমান, গ্রামঃ ধুবুয়া, উপজেলাঃ গৌরীপুর, জেলাঃ ময়মনসিংহ।

৬.	মাছের গুণগতমানের রেণু উৎপাদন (কার্প-জাতীয় মাছের রেণু উৎপাদন)	জনাব মোঃ সোলেমান আলী, পিতা: মৃত জসিমউদ্দীন, মাতা: মৃত সমরন বেওয়া, গ্রাম: মোলানী, ডাকঘর: ভেলাজান, উপজেলা: সদর, জেলা: ঠাকুরগাঁও
৭.	মাছের গুণগতমানের পোনা উৎপাদন (মনোসেক্স তেলাপিয়ার পোনা উৎপাদন)	বিশ্বাস এগ্রো ফিশারিজ এন্ড হ্যাচারী, স্বাধিকারী- মো: মাহবুবুর রহমান, দরিল্লা রোড, ৮নং ওয়ার্ড. ত্রিশাল পৌরসভা, ত্রিশাল, ময়মনসিংহ
৮.	মাছের গুণগতমানের পোনা উৎপাদন (কার্প জাতীয় মাছের পোনা উৎপাদন)	মেসার্স আদর্শ মৎস্য খামার, প্রো: মো: আনোয়ার হোসেন (নামু), পিতা-মৃত- সোবহান সরদার, মাতা-মৃত নুর জাহান বেগম, গ্রাম-চাঁচড়া, গোলদার পাড়া, ডাকঘর-চাঁচড়া, উপজেলা-যশোর সদর, জেলা-যশোর
৯.	মাছ উৎপাদন (পাংগাস ও তেলাপিয়া মাছ চাষ)	জনাব মোঃ আসাদুল হক বিশ্বাস, পিতা-মৃত আকবর আলী বিশ্বাস, মাতা-মৃত আসমা খাতুন বিশ্বাস, গ্রাম-মনিরামপুর, পোঃ-আলুন্দিয়া, উপজেলা-সদর, জেলা-চুয়াডাঙ্গা
১০.	মাছ উৎপাদন (কৈ ও শিং মাছ চাষ)	আলিনা ফিস ফার্ম, তাহেরা সোবহা, স্বামী-শেখ আফিল উদ্দিন, মাতা-সাহানা জামান, গ্রাম+পোঃ+উপজেলা-শার্শা, জেলা-যশোর।
১১.	মাছ উৎপাদন (কার্প মাছের মিশ্র চাষ)	জনাব মো:মাসুদ রানা, পিতা-মোঃ আপতার আলী, মাতা-মোছাঃ আদরী বেগম, গ্রাম- সন্তোষপুর, ডাকঘর-লালপুর উপজেলা-লালপুর জেলা-নাটোর
১২.	মাছ উৎপাদন (ভাসমান খাচায় মনোসেক্স তেলাপিয়া মাছ চাষ)	মো: আনোয়ার হোসেন (মাসুম), পিতা-মোঃ হেলাল উদ্দিন, মাতা-মোসাঃ মনোয়ারা বেগম, গ্রাম- গোনানামো রাজারামপুর ডাকঘর- রাজারামপুর উপজেলা-চাপাইনবাবগঞ্জ সদর জেলা-চাঁপাইনবাবগঞ্জ
১৩.	মাছ উৎপাদন (কৈ মাছের নিবিচ চাষ)	বেগম হামিদা খানম, স্বামীর নাম-মৃত বাবুল হোসেন তালকদার, মাতা- রহিমা বেগম, গ্রাম- দেওপাড়া ডাকঘর- বাটাজোর উপজেলা-গৌরনদী জেলা-বরিশাল
১৪.	মাছ উৎপাদন (গুলশা, শিং ও মাগুর মাছ চাষ)	বেগম খায়রুণ নাহার, স্বামী- মো: আবুল কালাম আজাদ, মাতা-খোদেজা বেগম,গ্রাম-মহেছাতুল ডাকঘর আঠারবাড়ী, উপজেলা ইশ্বরগঞ্জ, জেলা- ময়মনসিংহ
১৫.	মাছ উৎপাদন (কার্প মাছের মিশ্র চাষ)	মো: লোকমান, পিতা-মৃত-ইসহাক মিয়া, মাতা-মৃত আনোয়ারা বেগম, গ্রাম- দুরছড়ি, ডাকঘর-দুরছড়ি, উপজেলা-বাঘাইছড়ি জেলা-রাঙামাটি
১৬.	মাছ উৎপাদন (কার্প মাছের মিশ্র চাষ)	আকলিমা এগ্রো ফার্ম, জনাব এম আব্দুর রহিম, পিতা-আলহাজ্জ আব্দুল হাকিম, মাতা- নুর বাহার বেগম, গ্রাম- ধুমছাবিল, ডাকঘর-সরই, উপজেলা- লামা জেলা-বান্দরবান
১৭.	বাগদা চিংড়ি উৎপাদন	আলহাজ্জ মোঃ শফিকুর রহমান চৌধুরী, পিতা- আলহাজ্জ ছিদ্দিক মিয়া চৌধুরী, গ্রাম- বিড়ালক্ষী, ডাক-নওয়াবেকী, উপজেলা-শ্যামনগর, জেলা-সাতক্ষীরা।
১৮.	মৎস্য সম্পদ উন্নয়নে ব্যক্তি/প্রতিষ্ঠান/সমবায় সমিতি/মৎস্য সংক্রান্ত সমাজভিত্তিক সংগঠনের অবদান/সমগ্র কর্মজীবনের অবদান	নলকুড়া মনি অভয়াশ্রম সুফলভোগী মৎস্যজীবী সমবায় সমিতি, উপজেলা-সদর, জেলা-পঞ্চগড়

৫. সভায় জাতীয় মৎস্য পুরস্কার, ২০১৫ এ মনোনয়ন প্রাপ্তরা ঋণ খেলাপী কি না এ বিষয়টি যাচাইয়ের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে এ বছর কেবলমাত্র মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি ক্যাটাগরিতে বাগেরহাট সীফুড ইন্ডাঃ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক-এস এম আমজাদ হোসেন, বাগদা চিংড়ি উৎপাদনে আলহাজ্জ মোঃ শফিকুর রহমান চৌধুরী, মাছের গুণগতমানের রেণু উৎপাদনে জনাব মোঃ জাহিদুর রহমান এর ঋণ খেলাপি বিষয়ক তথ্য যাচাইয়ের সিদ্ধান্ত হয়।

৬. এ ছাড়াও মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর ২ জন যোগ্য কর্মকর্তার মনোনয়ন মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:- ১৬/০৭/২০১৫
(মোহাম্মদ ছায়েদুল হক,এমপি)
মন্ত্রী
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় মৎস্য পুরস্কার কমিটি